ভোরের কাগজ
JUL 11 2002

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ঢাবির শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ছাত্রছাত্রীদের ক্লাস বর্জন অব্যাহত

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ছাত্রছাত্রীদের সর্বাত্মক ধর্মঘটের পঞ্চম দিনেও ক্লাস বর্জন অব্যাহত রয়েছে। ছাত্রছাত্রীদের দাবি দাওয়া বাস্তবায়ন নিয়ে শিক্ষক কমিটির সঙ্গে গতকাল ছাত্র প্রতিনিধিদলের এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে শিক্ষক প্রতিনিধিদল তাদের দাবিকে যৌক্তিক বলে স্বীকার করেন এবং সভা চলাকালে দায়িত্বপ্রাপ্ত উপাচার্য সৈয়দ রাশেদুল হাসান ইনস্টিটিউটের পরিচালক এবং ছাত্র নেতৃবৃন্দকে ডেকে অবহিত করেন যে শিক্ষামন্ত্রী তাকে ফোন করে ছাত্রছাত্রীদের দাবিদাওয়া মেনে নেওয়ার মৌখিক আশ্বাস দেন এবং তাদেরকে ক্লাসে ফিরে যেতে বলেন।

ছাত্র প্রতিনিধিরা এ নির্দেশ সাধারণ ছাত্রছাত্রীদের জানালে তারা এরকম মৌখিক আশ্বাসে ক্লাসে ফিরবে না বলে জানায়। প্রয়োজনে তারা আমর অনশনের হুমকি দিয়েছে। তারা বলেন, যেদিন তাদের দাবি নিয়ে শিক্ষামন্ত্রী, উপাচার্য, শিক্ষা সচিব এবং পিএসসির চেয়ারম্যান একত্রে আলোচনায় বসে সিদ্ধান্ত নেবেন সেদিনই তারা ক্লাসে ফিরে যাবে। দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত তারা ক্লাসে ফিরবে না।

প্রসঙ্গত, গত শনিবার থেকে ঢাবির শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ছাত্রছাত্রীরা ৫ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে ক্লাসসহ সার্বিক শিক্ষা কার্যক্রম বর্জন করেছে।